মুজিববর্ষের অঙ্গীকার
EFD তে NBR

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)
বাড়ী নং-২১, রোড নং-২৭, সেক্টর নং-০৭, উত্তরা, ঢাকা-১২৩০
ওয়েবসাইট: www.dknvat.gov.bd

অনলাইনে রেজিস্ট্রেশনের জন্য ভিজিট করুন
www.vat.gov.bd

নথি নং-৫(৩)/ঢাকা উত্তর/জঃপ্রঃ/সদর/১/২০২১/৫০৭

তারিখ: ২৮/০৪/২০২২খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র স্মারক নং-০৮.০০.০০০০.০৩৮.১১.০০২.১৯-১২০/১(৩), তারিখ : ২১/১০/২০২১খ্রিঃ এর মাধ্যমে প্রদত্ত ছাড়পত্র অনুযায়ী কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা এর নিম্নে বর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক নিয়োগের উদ্দেশ্যে বিজ্ঞপ্তিতে বর্ণিত জেলাসমূহের প্রকৃত স্থায়ী বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে শর্ত সাপেক্ষে (Online-এ http://dknvat.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্র/ নং | পদের নাম ও গ্রেড (বেতন স্কেল) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার নাগরিকগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | কম্পিউটার অপারেটর গ্রেড-১১ (১২৫০০-৩০২৩০) | ০১ (এক) | সরকার কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রি। বিজ্ঞানে স্নাতক ডিগ্রি প্রাপ্ত প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন। প্রার্থীকে অবশ্যই Aptitude Test (এ্যাপটিটিউড টেস্ট) এ উত্তীর্ণ হতে হবে। | (ক) ঢাকা, গাজীপুর, ও নেত্রকোণা জেলার স্থায়ী বাসিন্দা<br><br>(খ) শুধুমাত্র এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে (ক) নং অনুচ্ছেদের জেলাসমূহ ছাড়াও ময়মনসিংহ, কিশোরগঞ্জ ও শেরপুর জেলার স্থায়ী বাসিন্দা |
| ২. | সাঁট-লিপিকার কাম-কম্পিউটার অপারেটর গ্রেড-১৩ (১১০০০-২৬৫৯০) | ০১ (এক) | সরকার কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি শিক্ষাগত যোগ্যতাসহ ইংরেজী শর্টহ্যান্ড ও কম্পিউটার টাইপিং এর ন্যূনতম গতি প্রতি মিনিটে যথাক্রমে ৮০ ও ৩০ শব্দ এবং বাংলা শর্টহ্যান্ড ও কম্পিউটার টাইপিং এ ন্যূনতম গতি প্রতি মিনিটে ৫০ ও ২৫ শব্দ। | |
| ৩. | উচ্চমান সহকারী গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০) | ০৩ (তিন) | সরকার কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি শিক্ষাগত যোগ্যতাসহ বাংলা ও ইংরেজী কম্পিউটার টাইপিং এর ন্যূনতম গতি প্রতি মিনিটে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ। | |
| ৪. | ক্যাশিয়ার গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০) | ০১ (এক) | সরকার কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক পাশ। বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে। বিধি অনুযায়ী নিয়োগের পূর্বে জামানত প্রদান করতে হবে। | |
| ৫. | গাড়ী চালক গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ০১ (এক) | অষ্টম শ্রেণী পাস। ড্রাইভিং লাইসেন্সসহ গাড়ী চালনায় ন্যূনতম ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৬. | সিপাই গ্রেড-১৭ (৯০০০-২১৮০০) | ০৪ (চার) | সরকার কর্তৃক স্বীকৃত শিক্ষা বোর্ড থেকে এসএসসি বা সমমানের পরীক্ষায় পাশ। শারীরিক যোগ্যতাঃ উচ্চতা- মহিলা ৫´-২´´, পুরুষ ৫´-৪´´<br>বুকের মাপ- ৩০´´ - ৩২´´ (উভয় ক্ষেত্রে)। | |
| ৭. | অফিস সহায়ক গ্রেড-২০ (৮২৫০-২০০১০) | ০৬ (ছয়) | সরকার কর্তৃক স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উর্ত্তীর্ণ এবং অবশ্যই শারীরিক যোগ্যতা থাকতে হবে। | (ক) ঢাকা, গাজীপুর, ময়মনসিংহ, নেত্রকোণা ও শেরপুর জেলার স্থায়ী বাসিন্দা<br><br>(খ) শুধুমাত্র এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে (ক) নং অনুচ্ছেদের জেলাসমূহ ছাড়াও কিশোরগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা |
| ৮. | ঝাড়ুদার/ক্লিনার/সুইপার গ্রেড-২০ (৮২৫০-২০০১০) | ০১ (এক) | ৮ম শ্রেণী পাশ এবং অবশ্যই শারীরিক যোগ্যতা থাকতে হবে। | |

**শর্তাবলী:** ০১। আবেদনকারীর বয়স ১৭-০৫-২০২২ তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) বছর এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে, শুধুমাত্র মুক্তিযোদ্ধা/শহীদমুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছরের মধ্যে হতে হবে।

০২। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই উক্ত অনুমতি পত্র প্রদর্শন করতে হবে।

০৩। লিখিত পরীক্ষায় এবং প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার বিষয়ক ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণের পর মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অনলাইনে (Online-এ) দাখিলকৃত Application Form এর প্রিন্ট কপিসহ নিম্নোক্ত পত্রাদি দাখিল করতে হবে:

(ক) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙ্গিন ছবি;

(খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে) ও কম্পিউটার প্রশিক্ষণ সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে;

(গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হতে নিজ জেলা উল্লেখসহ নাগরিকত্ব ও চারিত্রিক সনদের কপি জমা দিতে হবে;

(ঘ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, নাতি-নাতনি হলে তার স্বপক্ষে আবেদনকারীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত কপি, মুক্তিযোদ্ধার সরকারী গেজেটের সত্যায়িত কপি ও পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের বিষয়টি উল্লেখপূর্বক প্রদত্ত সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে;

(ঙ) এতিম, প্রতিবন্ধী, আনসার ও ভিডিপি এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের মূল কপি প্রদর্শনসহ সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৩। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যেকোন আবেদন গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সর্ম্পূণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধির অধিকার সংরক্ষণ করেন। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০৪। এ নিয়োগ বিজ্ঞপ্তি, লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষা এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য এবং এ নিয়োগ বিজ্ঞপ্তি সংক্রান্ত যে কোন পরিবর্তন/সংশোধন (যদি থাকে) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা এর ওয়েবসাইটে (www.dknvat.gov.bd) পাওয়া যাবে।

০৫। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোন প্রকার যাতায়াত ভাতা ও দৈনিক ভাতা প্রদান করা হবে না।

০৬। নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

০৭। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

০৮। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তাহলে তিনি আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

০৯। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:**

(ক) আগ্রহী প্রার্থীগণ http://dknvat.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২৭ এপ্রিল, ২০২২ সকাল ১০:০০ ঘটিকা।

(ii) online-এ আবেদনপত্র জমাদানের সর্বশেষ তারিখ ও সময় ১৭ মে, ২০২২ বিকাল-০৫:০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সর্ম্পকে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন ।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) *যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে স্ক্রিনে ছবিসহ Application Preview দেখা যাবে*_যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা ) বা ছবি/ স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবলিংকে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা (Colour Print) রঙিন ছবি, নির্ভূল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ১-৬ নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২ (বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২ (একশত বার) টাকা এবং ৭-৮ নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬ (ছয়) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৫৬ (ছাপ্পান্ন) টাকা Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS:** **DKNVAT**<space>**UserID** লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: **DKNVAT ABCDEF**

Reply: Applicant's Name, TK-**112/56** will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DKNVAT<Space>Yes<space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** **DKNVAT**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DKNVAT Yes 12345678
Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for DKNVAT Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র সংক্রান্ত তথ্যাবলী www.dknvat.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: **DKNVAT**<space>**Help**<space>**User**<space>**UserID** & Send to 16222. Example: **DKNVAT Help User ABCDEF**

(ii) PIN Number জানা থাকলে: **DKNVAT**<space>**Help**<space>**PIN**<space>**PIN Number** & Send to 16222. Example: **DKNVAT Help PIN 12345678.**

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা এর ওয়েবসাইটে (www.dknvat.gov.bd) এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR **Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.dknvat.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা commdkn@gmail.com অথবা commdkn@yahoo.com ই-মেইল যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: DKNVAT, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১০। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

১১। online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

26.04.22
তানজিনা রইস
যুগ্ম-কমিশনার
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
ঢাকা (উত্তর), ঢাকা
ফোন: ০২-৪৮৯৫৮১১৫